



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৪ জানুয়ারি ২০১৮খ্রি.

বিদেশ সফর শেষে চট্টগ্রাম ফিরে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতির সাথে সিটি মেয়রের সৌজন্য সাক্ষাত

বিদেশে ব্যক্তিগত সফর শেষে চট্টগ্রামে ফিরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরীর সাথে ৪ জানুয়ারি ২০১৮ খ্রি. বৃহস্পতিবার, সন্ধ্যায় দামপাড়াস্থ জননেতা মরহুম জহুর আহমদ চৌধুরীর বাসভবনে সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক বিষয়, সংগঠনের সাবেক সভাপতি ও সাবেক সিটি মেয়র প্রয়াত নেতা আলহাজ্ব এ বি এম মহিউদ্দিন চৌধুরীর শোকসভা আয়োজন সহ নানা বিষয়ে মতবিনিময় করেন। সাক্ষাত বৈঠকে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে গুরুত্ব দিয়ে তৃণমূল পর্যায়ে সংগঠনের ভিত্তিকে আরো মজবুত ও শক্তিশালী করার বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। তারা সর্বক্ষেত্রে সংগঠনের ঐক্য, ভ্রাতৃত্ব ও সংহতি অটুট রেখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়ন, অগ্রগতি, সরকার ও আওয়ামীলীগের উজ্জ্বল ভাবমূর্তি সমন্বিত রাখার সর্বাত্মক প্রয়াস নেয়া এবং গঠনতন্ত্রের আলোকে সংগঠনকে পরিচালনার বিষয়ে উভয়ে ঐক্যমত পোষণ করেন। এসময় চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের উপদেষ্টা সফর আলী, সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, নির্বাহী কমিটির সদস্য বেলাল আহমদ, বখতেয়ার উদ্দিন খান, আওয়ামীলীগ নেতা মোহাম্মদ ইছা, রায়হান ইউসুফ সহ বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ৪ জানুয়ারি ২০১৮খ্রি.

সরকারি কমার্স কলেজে বাংলাদেশ ছাত্রলীগের ৭০ তম প্রতিষ্ঠাবার্ষিকী'র অনুষ্ঠানে মেয়র আ জ ম নাছির উদ্দীন বাংলাদেশ ছাত্রলীগ সময়ের সাহসী সন্তানদের নিয়ে দেশ ও জাতির কল্যাণে দৃষ্ট পায়ে এগিয়ে চলেছে

বাংলাদেশ ছাত্রলীগ চট্টগ্রাম সরকারি কমার্স কলেজ শাখা ছাত্রলীগের ৭০তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্যাপন করেছে। চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বাংলাদেশ ছাত্রলীগের ৭০ তম প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কেটে, বেলুন ও ফেষ্টুন উড়িয়ে কর্মসূচীর উদ্বোধন করেন। ৪ জানুয়ারি ২০১৮ খ্রি. বৃহস্পতিবার, দুপুরে সরকারি কমার্স কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত এ কর্মসূচিতে চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ উপদেষ্টা কেন্দ্রীয় শ্রমিক লীগ যুগ্ম সাধারণ সম্পাদক আলহাজ্ব শফর আলী, মহানগর আওয়ামী লীগ

উপদেষ্টা শেখ মাহমুদ ইছহাক, সাংগঠনিক সম্পাদক চৌধুরী হাসান মাহমুদ হাসনী, চমিক কাউন্সিলর আবদুল কাদের, নাজমুল হক ডিউক, নগর যুবলীগ নেতা জাবেদুল আলম সুমন, হেলাল উদ্দিন হেলাল, কেন্দ্রীয় ছাত্রনেতা আবদুল্লাহ আল মামুন, ইয়াসির আরাফাত, সাইফুল আলম লিমন, মহানগর ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মিথুন মল্লিক, সাংগঠনিক সম্পাদক ওয়াহেদ রাসেলসহ নগর ছাত্রলীগ নেতৃত্বদেউ উপস্থিত ছিলেন। বাংলাদেশ ছাত্রলীগের ৭০ তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, বাংলাদেশ ছাত্রলীগ সময়ের সাহসী সন্তানদের নিয়ে দেশ ও জাতির কল্যাণে দৃষ্ট পায়ে এগিয়ে চলেছে। জন্মলগ্ন থেকেই ভাষার অধিকার, শিক্ষার অধিকার, বাঙালির স্বায়ত্বশাসন প্রতিষ্ঠা, পাকিস্তানি স্বৈরশাসনের বিরুদ্ধে গণঅভ্যুত্থান, সর্বোপরি স্বাধিকার ও স্বাধীনতা আন্দোলনের সফল সাহসী সংগঠন হিসেবে ইতিহাসে গৌরবের স্থান দখল করে আছে। মেয়র বলেন, শিক্ষা, শান্তি, প্রগতির মত মানবীয় স্লোগান দিয়ে গড়ে উঠা এ সংগঠন তারুণ্যের উজ্জ্বল প্রানবন্যায় ইতিহাসকে সামনে রেখে অশুভ শক্তির বিরুদ্ধে বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নের লক্ষ্যে এগিয়ে যাচ্ছে। তিনি বঙ্গবন্ধুর ভাষায় বলেন, ছাত্রলীগের ইতিহাস, বাঙালি জাতির ইতিহাস, বাংলাদেশের ইতিহাস। তিনি আরো বলেন, ইতিহাসের বাঁকে বাঁকে পথ পরিক্রমায় এ সংগঠনের নেতা কর্মীরা জাতীয় রাজনীতিকে এগিয়ে নিয়ে যাচ্ছে। জনাব আ জ ম নাছির উদ্দীন বলেন, ছাত্রলীগ মেধাবী ছাত্রদের সংগঠন। ১৬ কোটি মানুষের বিশ্বাস ও আস্থার ঠিকানা এ সংগঠন। বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়ন এবং জননেত্রী শেখ হাসিনার ভিশন বাস্তবায়নে ছাত্রলীগ ছাত্রদের আস্থা ও বিশ্বাস নিয়ে নিরলসভাবে দায়িত্ব পালন করে যাবে। তিনি আশা করেন, ইতিহাস, ঐতিহ্য, গৌরব, অহংকার ও স্বর্ণালী অতীতের পথ ধরে জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদের অশুভ শক্তির পরাজয় নিশ্চিত করে দেশকে কাংখিত লক্ষ্যে পৌছে দেবে ছাত্রলীগ। তিনি প্রজন্ম পরম্পরায় ছাত্রদের ছাত্রলীগের পতাকাতে সমবেত হওয়ার আহবান জানান।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা